

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, জানুয়ারি ২৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি, ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তি বাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী কুমিল্লা জেলার তিতাস উপজেলার মৌজাভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক- তফসিলের' সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী
উপসচিব।

(৬৭১)

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলা- কুমিল্লা

উপজেলা- তিতাস

মৌজা : মজিদপুর

ক্রমিক নং	গেজেটের পৃষ্ঠা নং	গেজেটে প্রকাশের তারিখ	ভুলের বিবরণ ও সংশোধন
১	২	৩	৪
০১.	১৯৪২০	১৯ এপ্রিল ২০১২	১নং ক্রমিকের কেস নং ২৪(এ)/৮২ এর ৭১৬ দাগে ০.১৪ একর ৭১৮ দাগে ০.১৪ একর ভূমি সাহাবুদ্দিন মৌজার স্থলে ২০৩ নং মজিদপুর মৌজা হবে।
০২.	১৯৪২০	১৯ এপ্রিল ২০১২	২নং ক্রমিকের কেস নং ২/৮৬-৮৭ এর ১৯২ দাগে ০.২৪ একর ভূমি সাহাবুদ্দিন মৌজার স্থলে ২০৩ নং মজিদপুর মৌজা হবে।
০৩.	১৯৪২০	১৯ এপ্রিল ২০১২	৩নং ক্রমিকের কেস নং ৩/৯৮-৯৯ এর ৪২৭ দাগে ০.০৭ একর ৪২৮ দাগে ০.০৪ একর ভূমি সাহাবুদ্দিন মৌজার স্থলে ২০৩ নং মজিদপুর মৌজা হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd